দৈনিক সকালের খবর

16 MAY 20



জনতা ব্যাংকের সিইও এবং এমডি মো. আবদুস সালামের সভাপতিত্বে গতকাল বাংলাদেশ ফিনিশড লেদার, লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের সঙ্গে জনতা ব্যাংক কর্তৃপক্ষের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের ডিএমডি মো. আবদুছ ছালাম আজাদ এবং জিএম মো. আবদুল জব্বার, মো. ফখরুল আলম ও মো. আবদুল আওয়াল বিএফএলএলএফইএ'র সভাপতি মহিউদ্দিন আহমেদ মাহিন, সাধারণ সম্পাদক মো. সাখাওয়াত উল্লাহ, ক্রিসেন্ট গ্রুপের চেয়ারম্যান এমএ কাদেরসহ ট্যানারি মালিকরা উপস্থিত ছিলেন

The Daily Sun 1 6 MAY 2017

Janata Bank CEO and Managing Director Md Abdus Salam presides over a view-exchange meeting with the leaders of the Bangladesh Finished Leather and Leathergoods and Footwear Exporters Association at the bank's head office in the capital on Monday.

The Independent

1 6 MAY 2017



Abdus Salam, CEO and managing director of Janata Bank Limited, presides over a view exchange meeting with the representatives of Bangladesh Finished Leather, Leather Goods and Footwear Exporters Association (BFLLFEA) in the capital yesterday. Mohiuddin Ahmed Mahin, president of BFLLFEA, was also present among others at the meeting. PHOTO: COURTESY

Daily INDUSTRY 1 6 MAY 2017

A view exchange meeting was held between Janata Bank Limited and the delegation of Bangladesh Finished Leather Goods & Footwear Exporters Association (BFLLFEA) yesterday while CEO and managing director of JBL Md. Abdus Salam, FCA presided over. Senior officials of the bank and the president of BFLLFEA Ahmed Mahin were also present on the occasion among others.

দৈনিক মানবজমিন

16 MAY 2017

জনতা ব্যাংকের সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুস সালাম, এফসিএ-এর সভাপতিত্বে গতকাল বাংলাদেশ ফিনিশড্ লেদার, লেদারগুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশনের প্রতিনিধিদের সঙ্গে জনতা ব্যাংক কর্তৃপক্ষের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের ডিএমডি মো. আবদুছ ছালাম আজাদ এবং জিএম মো. আবদুল জব্বার, মো. ফখরুল আলম ও মো. আবদুল আওয়াল বিএফএলএলএফইএ-এর সভাপতি মহিউদ্দিন আহমেদ মাহিন, সাধারণ সম্পাদক মো. সাখাওয়াত উল্লাহ, ক্রিসেন্ট গ্রুপের চেয়ারম্যান এমএ কাদেরসহ ট্যানারী মালিকগণ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

দৈনিক জনতা 1 6 MAY 201

গতকাল পণ্য রপ্তানীকারকদের সাথে জনতা ব্যাংকের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের ডিএমডি মো. আব্দুছ ছালাম আজাদ এবং জিএম মো.ঃ আব্দুল জব্বার, মো. ফখরুল আলম ও মো.ঃ আব্দুল আওয়াল বিএফএলএলএফইএ এর সভাপতি মহিউদ্দিন আহমেদ মাহিন, সাধারণ সম্পাদক মো. সাখাওয়াত উল্লাহ, ক্রিসেন্ট গ্রুপের চেয়ারম্যান এম এ কাদের - জনতা

The New Age

16 MAY 2017

Janata Bank chief executive officer and managing director Md Abdus Salam speaks at the Branch Managers Conference of Barisal Division of the bank held in Barisal on Saturday. — New Age photo

ভোরের পাতা

1 6 MAY 2017

জনতা ব্যাংকের বরিশাল বিভাগীয় কার্যালয়ের আওতাধীন শাখাসমূহের ব্যবস্থাপক সম্মেলন-২০১৭ সম্প্রতি বরিশালের স্থানীয় হোটেলে অনুষ্ঠিত হয়। ব্যাংকের সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবদুস সালাম, এফসিএ সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ব্যাংকের ডিএমডি মোঃ নাজিম উদ্দিন এবং মোঃ হেলাল উদ্দিন বিশেষ অতিথি হিসেবেবক্তব্য রাখেন। বরিশাল বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপক মোহাম্মদ সাইফুল আলমের সভাপতিত্বে ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ, বিভাগীয় কার্যালয়ের আওতাধীন এরিয়া প্রধান এবং সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণ সম্মেলনে অংশ নেন। -বিজ্ঞপ্তি

দৈনিক কালের কণ্ঠ

MAY 2017

ব্যবসায়ী প্রতিনিধিদল ও বেপজার বিনিয়োগকারীরা তিনটি স্বেচ্ছাসেবী সংস্থাকে অনুদান প্রদান করে। গতকাল গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই অনুদানের চেক গ্রহণ করেন। এ সময় এফবিসিসিআইয়ের সভাপতি আবদুল মাতলুব আহমাদ ও বসুন্ধরা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সায়েম সোবহান আনভীর উপস্থিত ছিলেন। ছবি : বাসস

তিন সংগঠনের জন্য প্রধানমন্ত্রীর কাছে ১৩৬ কোটি টাকা অনুদান

নিজস্ব প্রতিবেদক ▷

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্সের (বিএবি) সদস্য, বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং বেপজায় (বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ) বিনিয়োগকারীরা তিনটি স্বেচ্ছাসেবী সংগঠনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ১৩৬ কোটি ২০ লাখ টাকার অনুদান হস্তান্তর করেন। সমাজকল্যাণ, শিক্ষা এবং প্রতিবন্ধীদের কল্যাণে গতকাল সোমবার এই অনুদান দেওয়া হয়।

সংগঠন তিনটি হলো—জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ড ও সূচনা ফাউন্ডেশন। সূচনা ফাউন্ডেশন

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৬

তিন সংগঠনের জন্য

▶▶ শেষ পৃষ্ঠার পর

প্রধানমন্ত্রীর কন্যা সায়মা ওয়াজেদ হোসেন প্রতিবন্ধীদের সাহায্যার্থে পরিচালনা করেন।

গতকাল সন্ধ্যায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩৭টি ব্যাংকের প্রতিনিধিদের উপস্থিতিতে তাঁদের কাছ থেকে এই অনুদানের চেক গ্রহণ করেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মুহাম্মদ শফিউল হক, এফবিসিসিআই সভাপতি আবদুল মাতলুব আহমাদ, বিএবি সভাপতি নজরুল ইসলাম মজুমদার, বসুন্ধরা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সায়েম সোবহান, ব্যবসায়ী মীর নাসির হোসেন এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

পরে ব্যবসায়ী প্রতিনিধিদল এবং বেপজায় বিনিয়োগকারীদের সঙ্গে পৃথকভাবে মতবিনিময় করেন প্রধানমন্ত্রী।

অনুদান প্রদানকারীরা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টকে ৫৭ কোটি ৪৫ লাখ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টকে ৫০ কোটি ২৫ লাখ এবং সূচনা ফাউন্ডেশনকে ২৮ কোটি ৫০ লাখ টাকা প্রদান করেন।

ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের সদস্যদের মধ্যে ইসলামী ব্যাংক সর্বোচ্চ ১৫ কোটি টাকা, ন্যাশনাল ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ ৬ কোটি এবং ৯টি ব্যাংক পাঁচ কোটি করে আর অন্যান্য বাণিজ্যিক ব্যাংকগুলো চার কোটি টাকা করে অনুদান দেয়। চেক হস্তান্তর অনুষ্ঠানে বিএবি সভাপতি তাঁদের ২৭ জন সদস্যের পক্ষ থেকে ২৭টি গোলাপ সজ্জিত তোড়া দিয়ে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানান।

দুস্থ ও প্রতিবন্ধীদের জন্য সহযোগিতার হাত প্রসারিত করায় প্রধানমন্ত্রী সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, তাঁর সরকার শিক্ষা ব্যয়কে সবার নাগালের মধ্যে রাখার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। শিক্ষায় সহায়তা প্রদানের জন্যই সরকার শিক্ষা ট্রাস্ট ফান্ড গঠন করেছে।

প্রধানমন্ত্রী বলেন, 'আমরা সরকারের এক হাজার কোটি টাকা দিয়ে এই ট্রাস্ট ফান্ড চালু করি। আমরা চাই এই জনহিতকর কাজে বেসরকারি সংস্থাগুলো যেন আরো এগিয়ে আসে।' শিক্ষা এবং প্রতিবন্ধীদের জন্য এসব সাহায্য শুল্কমুক্ত বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।